

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৭৫.২০২০.৮৩৯

তারিখ: ১৫ পৌষ ১৪২৭
৩০ ডিসেম্বর ২০২০

বিষয়: বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক পরিবেশ উন্নয়নের জন্য বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়ন” শীর্ষক প্রকল্পের অনুকূলে অর্থ ছাড়।

সূত্র: রাজশাহী সিটি কর্পোরেশনের স্মারক নম্বর ৪৬.১২.৫০৮১.০০৭.১৪.১৩৮.২০২০.১৭৭৫, তারিখ: ১৪/১২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক পরিবেশ উন্নয়নের জন্য বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়ন” শীর্ষক প্রকল্পের অনুকূলে ১ম-৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণ করা হয়। কিন্তু প্রস্তাবের সাথে আলোচ্য প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দের কোন কাগজপত্র সংযুক্ত করা হয়নি। প্রকল্পের প্রশাসনিক অনুমোদনের এর কপি, ডিপিপি এর কপি, প্রকল্প পরিচালক নিয়োগের এর কপি সংযুক্ত করা হয়নি। তাছাড়া প্রকল্পের মেয়াদ ২০২০ এর ডিসেম্বরেই সমাপ্ত হচ্ছে এবং মেয়াদকাল ২০২১ এর ডিসেম্বর পর্যন্ত বৃদ্ধির অনুমোদন এখনও পাওয়া যায়নি।

২। বর্ণিতাবস্থায়, রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক পরিবেশ উন্নয়নের জন্য বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়ন” প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দের কপি, প্রশাসনিক অনুমোদনের এর কপি, ডিপিপি এর কপি, প্রকল্প পরিচালক নিয়োগের এর কপি এবং প্রকল্পের সময় বৃদ্ধির অনুমোদনসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

নুমেরী জামান
উপসচিব

ফোন: ৯৫৫৪৬৫৮

ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।

অনুলিপি:

১. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৩. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।